

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং:- ৩৮.১৩৬.০১.০০০০.০১.৩০৩.২০১৬-২১৫

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি:

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং নীতিমালা।

সূত্র: প্রাগম- এর স্মারক নং-৩৮.০০৮.০০৬.০০.০০.০০২.২০১৫-১৮

তারিখ-৯/০১/২০১৭ খ্রি.

বাংলাদেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে গুণগত মান অনুযায়ী চারটি (এ,বি,সি,ডি) শ্রেণিতে বিন্যস্ত করার সরকারি সিদ্ধান্ত রয়েছে। প্রাথমিক বিদ্যালয়কে শ্রেণিভুক্তকরণের মাধ্যমে প্রতিটি বিদ্যালয়ের প্রকৃত চিত্র ফুটে উঠবে। এতে কোন্ বিদ্যালয়ের মান কোন্ পর্যায়ে তা জানা সম্ভব হবে এবং চাহিদা অনুযায়ী বিদ্যালয় পরিচালনা বা উন্নয়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

প্রাথমিক বিদ্যালয়ের গুণগত মান নিরূপণপূর্বক এ,বি,সি,ডি গ্রেডিং এর জন্য প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক ২২/১০/১৯৯৭ খ্রি. তারিখে প্রাগবি/প্রশা-৪/৪ঘ-১/৯৭/৭৯৬ নং স্মারকে নীতিমালা আকারে প্রজ্ঞাপন জারি করা হয়। বর্ণিত নীতিমালায় উল্লিখিত কিছু কার্যক্রম বর্তমানে চালু নেই, আবার অনেক নতুন ধ্যান ধারণার উন্মেষ ঘটায় বিদ্যালয় ব্যবস্থাপনাসহ শিখন-শেখানো কার্যক্রমে আবশ্যিকভাবে পরিবর্তন সাধিত হয়েছে। ফলে বিদ্যমান নীতিমালা যুগোপযোগী করা অপরিহার্য হওয়ায় পরিমার্জিত নীতিমালা জারি করা হলো।

- ১। পরিমার্জিত নীতিমালায় প্রাথমিক বিদ্যালয়ের মান যাচাইয়ের জন্য 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক'-এ ১১টি ক্ষেত্রে ১০৯ টি কার্যক্রম চিহ্নিত করা আছে। প্রতিটি কার্যক্রম বিবেচনায় নম্বর প্রদানের জন্য "প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক পূরণ নির্দেশিকা" প্রণয়ন করা হয়েছে।
- ২। প্রণীত নতুন 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক' ও 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক পূরণ নির্দেশিকা' অনুসরণপূর্বক দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয় মানের ক্রমানুযায়ী এ,বি,সি,ডি শ্রেণিতে গ্রেডিং করতে হবে।
- ৩। নিম্নবর্ণিত তিন (৩) সদস্যের উপ-কমিটি প্রতিটি প্রাথমিক বিদ্যালয় মূল্যায়ন করবে;

- ক) সংশ্লিষ্ট ক্লাসটারের সহকারি উপজেলা শিক্ষা অফিসার- আহ্বায়ক
- খ) সহকারি ইন্সট্রাক্টর (ইউআরসি)/ নিকটবর্তী অন্য বিদ্যালয়ের এস.এম.সি. সভাপতি (১ জন) - সদস্য,
- গ) প্রধান শিক্ষক (নিকটবর্তী অন্য বিদ্যালয়, ১ জন) - সদস্য

- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রতিটি প্রাথমিক বিদ্যালয় মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট ক্লাসটারের সহকারি উপজেলা শিক্ষা অফিসারকে আহ্বায়ক করে তিন সদস্যের উপ-কমিটি গঠন করবেন।

উপ-কমিটির কর্মপরিধি:

- ক. উপ-কমিটি যৌথভাবে একটি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক পূরণ নির্দেশিকা' অনুসরণে বিদ্যালয়ের প্রতিটি বিষয় (১১টি ক্ষেত্রের ১০৯টি বিষয়) অনুপূর্ণ যাচাইপূর্বক 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক' এ যথাযথ নম্বর প্রদান করবে।
- খ. উপ-কমিটি প্রতিটি প্রাথমিক বিদ্যালয় মূল্যায়ন করে 'প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক' এ স্বাক্ষর প্রদান করত: উপজেলা/থানা শিক্ষা অফিসার বরাবর দাখিল করবে।

(অ.পূ.দ্র.)

৭৮৮

- ৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার উপ-কমিটি কর্তৃক মূল্যায়িত প্রাথমিক বিদ্যালয়সমূহের গ্রেড চূড়ান্ত করার জন্য উপজেলা/থানা শিক্ষা কমিটিতে উপস্থাপন করবেন।
- ৬। উপজেলা/থানা শিক্ষা কমিটি প্রাথমিক বিদ্যালয়ের গ্রেড (এ,বি,সি,ডি) চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।
- ৭। উপজেলা/থানা শিক্ষা কমিটির অনুমোদনের পর উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রাথমিক বিদ্যালয়ের গ্রেড সম্পর্কীয় অফিস আদেশ জারির মাধ্যমে সংশ্লিষ্ট বিদ্যালয়সহ সকলকে অবহিত করবেন।
- ৮। উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ ২০১৭ শিক্ষাবর্ষে জুন মাসের মধ্যে উপজেলা/থানার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রেডিং সম্পন্ন করবেন।
- ৯। পরবর্তীতে প্রতি ০২ (দুই) বৎসর পর পর জানুয়ারি থেকে এপ্রিল সময়কালের মধ্যে আবশ্যিকভাবে পূর্বোল্লিখিত পদ্ধতিতে সকল বিদ্যালয়ের গ্রেড পুনঃ মূল্যায়ন করতে হবে।
- ১০। উপজেলা/থানা শিক্ষা কমিটির অনুমোদনের পর উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয়ের গ্রেড উন্নয়ন বা অবনমনের আদেশ জারি করতে হবে।
- ১১। গ্রেড উন্নয়নের ক্ষেত্রে “প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক”- এর ৩, ৪, ৫ ও ৭নং ক্রমিকের বিপরীতে যথাক্রমে ন্যূনতম ৪৮, ২৬, ১৪ ও ৪২ নম্বর পেতে হবে। প্রাথমিক বিদ্যালয়ের গ্রেড উন্নয়ন বা অবনমন উভয় ক্ষেত্রেই আনুষ্ঠানিক আদেশ জারি করতে হবে।


সংযুক্তি: বর্ণনামতে
(১৭ পাতা)



ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/পলিসি ও অপারেশন/পরিকল্পনা ও উন্নয়ন/ পরিবীক্ষণ ও মূল্যায়ন/ অর্থ/ সেকেন্ড চ্যান্স ও অরটারনেটিভ এডুকেশন/ সিস্টেম ম্যানেজার(আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। উপপরিচালক, (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ চট্টগ্রাম /খুলনা/ রাজশাহী/ বরিশাল/ সিলেট/ রংপুর বিভাগ।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,(সকল)
- ৫। সুপারিন্টেন্ডেন্ট, পিটিআই (সকল)।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ৭। ইন্সট্রাক্টর (ইউআরসি), (সকল)।
- ৮। সহকারি উপজেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ৯। সহকারি ইন্সট্রাক্টর (ইউআরসি), (সকল)।
- ১০। অফিস নথি।


১২.০২.১৭
বিজয় ভূষণ পাল
পরিচালক (প.ও.ম.)